দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1 7 1999
পৃষ্ঠা 70 কলাম ৬

115

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নতুন রেজিস্ট্রারের দায়িত্ব গ্রহণ

চট্টগ্রাম অফিস : গত শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ নেতাকর্মীরা রেজিস্ট্রার অফিস ভাঙচুর করার পর ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মাহবুব উল হক পদত্যাগ করলে গতকাল ড. মোঃ জহুরুল আলম চৌধুরী নতুন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। পদত্যাগী রেজিস্ট্রার ড. মাহবুব উল হক তার পদত্যাগপত্রে ব্যক্তিগত কারণে পদত্যাগের কথা উল্লেখ করলেও ছাত্রলীগের ঐ হামলা এবং হামলাকারীদের অকথ্য ভাষায় গালাগালির কারণেই তিনি পদত্যাগ করেছেন বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।